

প্রিয় বাবা-মা,

ছাত্রছাত্রীদের প্রথম ভাষা বিষয়ক তথ্য সংগ্রহ এবং রেকর্ডিং

আপনার শিশুর প্রথম ভাষা বিষয়ে প্রশ্ন সংবলিত একটি ফর্ম আমি অত্রসহ সংযোজিত করছি। শৈশবের সূচনায় আপনার শিশুর সঙ্গে প্রথম এই ভাষার পরিচয় হয় এবং গৃহে ও গোষ্ঠীজীবনে সে এই ভাষাই ব্যবহার করে চলেছে এবং শুনে আসছে।

যদি আপনার শিশুর প্রথম ভাষা ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষা হয়, তাহলে অনুগ্রহ করে সেই ভাষাটি নথিভুক্ত করুন। আপনার শিশু কত ভালো ইংরেজি বলতে পারে আমাদের প্রশ্ন তা নয়।

আপনার শিশুর বয়স 11 অথবা তার কম হলে আপনি তাদের তরফে এই ফর্মটি সম্পূর্ণ করবেন। যদি তার বয়স 11 থেকে 15'র মধ্যে হয়, তাহলে আপনি তাদের ফর্মটি পূরণ করতে সাহায্য করবেন। যদি তার বয়স 16 বছর অথবা তার বেশি হয়, তাহলে অবশ্যই সে নিজে ফর্মটি সম্পূর্ণ পূরণ করবে।

অনুগ্রহ করে এখানে সংলগ্ন খামে ভরে ফর্মটি আমার কাছে ফেরত পাঠান অথবা সেটিকে স্কুলের অফিসে পাঠান অথবা সঙ্গে করে নিয়ে আসুন (অথবা ই-মেল এর মাধ্যমে পাঠান যদি চিঠিটি আপনাকে সেই মাধ্যমে পাঠানো হয়ে থাকে)। আপনি যদি ফর্ম সম্পূর্ণ ভর্তি করার কাজে সাহায্য চান, তাহলে অনুগ্রহ করে স্কুল অফিসের সঙ্গে যোগাযোগ করুন।

আপনি যে তথ্য দেবেন তা গোপন রাখা হবে। এটি আপনার শিশু সম্পর্কে স্কুলকে আরও ভালো তথ্য দেওয়ার কাজে ব্যবহার করা হবে এবং এর ফলে আমরা এবিষয়ে নিশ্চিত হতে পারব যে সব শিশু তাদের সম্ভাবনা পূর্ণ করার সুযোগ পাচ্ছে।

এই তথ্য এমনভাবে প্রকাশিত হবে না যাতে শিশুদের পৃথকভাবে চিহ্নিত করা যায় এবং এই তথ্য অন্য কোনও উদ্দেশ্যে ব্যবহার করা হবে না। কখনও সখনও এই তথ্য স্থানীয় কর্তৃপক্ষকে এবং DfES-কে দেওয়া হবে যাতে স্থানীয় এবং জাতীয় পরিসংখ্যানে এগুলি অবদান হিসেবে দেওয়া যায়।

আপনার শিশু অন্য কোনো স্কুলে বদলি হলে সেই স্কুলকে আপনার শিশুর প্রথম ভাষা সম্পর্কে তথ্য হস্তান্তর করা হবে যাতে পুনরায় আপনার কাছে এই তথ্য না চাওয়া হয়।

আপনি যে কোনো সময় আপনার শিশুর প্রথম ভাষা সম্পর্কে তথ্য পরীক্ষা করে দেখতে পারেন, এবং চাইলে সেই তথ্য পরিবর্তন অথবা অপসারণ করতে পারেন।

আপনাদের সাহায্যের জগ্য অনেক ধন্যবাদ।

আপনাদের একান্ত,